

ফতওয়া নং ২৮৮

প্রশ্ন:

কসমের কাফফারা কি ?

উত্তর:

কসমের কাফফারার জন্য প্রাপ্তবয়স্ক দশজন দরিদ্রকে দু'বেলা তৃপ্তিসহকারে আহার করানো বা দু'বেলা খাবারের মূল্য দিয়ে দেওয়া অথবা তাদের প্রত্যেককে একজোড়া পরিধেয় বস্ত্র দেওয়া আবশ্যিক। এসবের সামর্থ্য না থাকলে তিনদিন রোযা রাখবে। (ফাতহুল কাদীর ৪/৩৬৫; আদুররুল মুখতার ৩/৭২৫)

আল্লাহ পাক ইরশাদ করেনঃ (কসম) এর কাফফারা এই যে, দশজন দরিদ্রকে খাদ্য প্রদান করবে; মধ্যম শ্রেণীর খাদ্য যা তোমরা স্বীয় পরিবারকে দিয়ে থাক। অথবা তাদেরকে বস্ত্র প্রদান করবে। অথবা একজন ক্রীতদাস কিংবা দাসী মুক্ত করে দিবে। যে ব্যক্তি সামর্থ্য রাখে না, সে তিন দিন রোযা রাখবে। এটা কাফফারা তোমাদের শপথের, যখন শপথ করবে। (সূরা মায়দা : ৮৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।
১৫ শাবান, ১৪৪৫ হিজরী (25/02/2024)